সংবাদ

তারিখ AUG. 27 2006
পৃষ্ঠা ১৩ কলাম ৩

# নর্দান বিশ্ববিদ্যালয়ে মাইক্রোসফটের আইটি একাডেমি

মোহাম্মদ কাওছার উদ্দীন

বিশ্বখ্যাত সফটওয়্যার কোম্পানি মাইক্রোসফট বাংলাদেশে এই প্রথম নর্দার্ন বিশ্ববিদ্যালয়ে একটি আইটি একাডেমি স্থাপন করতে যাচ্ছে। আগামী মাসের মাঝামাঝি সময়ে এ একাডেমি স্থাপনের কাজ শুরু হবে। এ একাডেমি প্রতিষ্ঠিত হলে দেশের জনসাধারণ পেশাগত পর্যায়ে আইটি শিক্ষার সুযোগ পাবে। জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে চাকরির সুযোগ সৃষ্টি হবে। সম্প্রতি এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানিয়েছেন নর্দার্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলী। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুবকর সিদ্দিক ও বাণিজ্য অনুষদের ডিন আজহার উদ্দিন। উপাচার্য ড. মোহাম্মদ আলী বলেন, তথ্যপ্রযুক্তির কল্যাণে পৃথিবী এখন অনেক ছোট হয়ে এসেছে। তথ্যপ্রযুক্তিকে কাজে লাগিয়ে কিভাবে পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে আমরাও এগিয়ে যেতে পারি আমদের সে বিষয়ে ভাবতে হবে। মাইক্রোসফটের এই আইটি একাডেমিতে অষ্টম শ্রেণী থেকে শুরু করে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করতে পারবেন।

নর্দার্ন বিশ্ববিদ্যালয় মাইক্রোসফট বাংলাদেশের একমাত্র অংশীদার যারা মর্যাদাপূর্ণ পার্টনার্স ইন লার্নিং (পিআইএল) প্রশিক্ষণ পরিচালনা করার দায়িত্ব পেয়েছে। বিশ্বের ১০১টি দেশে মাইক্রোসফটের এই প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত হচ্ছে। এরই মধ্যে বিভিন্ন স্কুল ও কলেজের এক হাজারের অধিক শিক্ষক এ প্রশিক্ষণ সম্পন্ন করেছে।